

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৭০৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৯৯]

الأدب) भिष्ठांष्ठात (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৯১: ওয়ায-নসীহত এবং তাতে মধ্যমপন্থা অবলম্বন করার বিবরণ

الْوَعْظُ وَالْإِقْتِصَادُ فِيْهِ _ (91)

আরবী

وَعَن أَبِي وَائِلِ شَقِيقِ بِنِ سَلَمَةً، قَالَ: كَانَ ابنُ مَسْعُودِ رضي الله عنه يُذَكِّرُنَا في كُلِّ خَمِيسٍ، فَقَالَ لَهُ رَجُلُ: يَا أَبَا عَبْدِ الرَّحْمانِ، لَوَدِدْتُ أَنَّكَ ذَكَّرْتَنَا كُلَّ يَوْمٍ، فَقَالَ: أَمَا إِنَّهُ يَمْنَعُنِي مِنْ ذَلِكَ أَنَّي أَكْرُهُ أَنْ أُمِلَّكُمْ، وَإِنِّي أَتَخَوَّلُكُمْ بِالْمَوْعِظَةِ، كَمَا كَانَ رَسُولُ اللهِ على الله عليه وسلم يَتَخَوَّلُنَا بِهَا مَخَافَةَ السَّآمَةِ عَلَيْنَا . متفق عَلَيْه

বাংলা

আল্লাহ তা'আলা বলেন.

﴿ ٱدااعُ إِلَىٰ سَبِيلِ رَبِّكَ بِٱلاَحِكامَةِ وَٱلاَمُواعِظَةِ ٱلاَحَسَنَةِ اَ النحل: ١٢٥]

অর্থাৎ "তুমি মানুষকে তোমার প্রতিপালকের পথে আহবান কর হিকমত ও সদুপদেশ দ্বারা।" (সূরা নাহল ১২৫ আয়াত)

১/৭০৪। আবৃ ওয়ায়েল শাকীক ইবনে সালামা হতে বর্ণিত, তিনি বলেন, ইবনে মাসঊদ রাদিয়াল্লাহু 'আনহু প্রত্যেক বৃহস্পতিবারে আমাদেরকে নসীহত শুনাতেন। একটি লোক তাঁকে নিবেদন করল, 'হে আবৃ আব্দুর রহমান! আমার বাসনা এই যে, আপনি আমাদেরকে যদি প্রত্যেক দিন নসীহত শুনাতেন (তো ভাল হত)।' তিনি বললেন, 'স্মরণে রাখবে, আমাকে এতে বাধা দিচ্ছে এই যে, আমি তোমাদেরকে বিরক্ত করতে অপছন্দ করি। আমি নসীহতের ব্যাপারে তোমাদের প্রতি ঠিক ঐভাবে লক্ষ্য রাখছি, যেভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের বিরক্ত হবার আশংকায় উক্ত বিষয়ে আমাদের প্রতি লক্ষ্য রাখতেন।' (অর্থাৎ মাঝে-মধ্যে বিশেষ প্রয়োজন মাফিক নসীহত শুনাতেন।) (বুখারী-মুসলিম)[1]



English

(91) Chapter: Brevity in Preaching

Allah, the Exalted, says:

"Invite (mankind, O Muhammad (PBUH)) to the way of your Rubb (i.e., Islam) with wisdom (i.e., with the Divine Revelation and the Qur'an) and fair preaching." (16:125)

Shaqiq bin Salamah reported:

Ibn Mas'ud (May Allah be pleased with him) used to preach to us once every Thursday. A man said to him: "O Abu 'Abdur-Rahman, we love your talk and we wish that you preach us every day." He said: "There is nothing to prevent me from doing so, but I don't lest I bore you. I follow the same method in preaching to you that Messenger of Allah () adopted in preaching to us for fear of boredom."

[Al-Bukhari and Muslim].

Commentary: This Hadith throws light on the indispensability of equilibrium in sermons and discourses so that people may not shun them. Monotony, though well designed, is repugnant to human nature. Similarly, teaching and instructional training requires such hours which may facilitate people's willing participation. Compulsion and economic incentives rarely work in spiritual spheres. We are also informed of the Companions' keenness to follow Messenger of Allah (PBUH).

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬৮, ৭০, ৬৪১১, মুসলিম ২৮২১, তিরমিয়ী ২৮৫৫, আহমাদ ৩৫৭১, ৪০৩১, ৪০৫০, ৪১৭৭, ৪২১৬, ৪৩৯৫, ৪৪২৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ শাক্ষীক ইবনু সালামা (রহঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23669

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন